

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস,এম, মোশেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

নম্বর: ৪৩.২৫.০০০০.০০৪.১৮.০০১.১৮.৪

তারিখ: ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর দেশের গুরুত্বপূর্ণ একটি সেবামুখী প্রতিষ্ঠান হওয়ায় এ অধিদপ্তরকে KPI জরিপ কমিটি কর্তৃক ১ম 'খ' শ্রেণির KPI করার সুপারিশ করা হয়েছে। সম্প্রতি ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ধারা: ১৫ অনুসারে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরকে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure-CII) হিসেবে ঘোষণা করা হয়েছে।

২। এমতাবস্থায়, দেশের বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিবেচনায় নিয়ে এ অধিদপ্তরের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নজরদারি (Surveillance) বৃদ্ধিসহ অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো :

- (ক) জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার ভবনের প্রবেশদ্বারে আনসার বাহিনী কর্তৃক নিরাপত্তা জোরদার করতে হবে;
- (খ) নিরাপত্তা ও পরিচয় নিশ্চিত ব্যতীত উভয় ভবনে কাউকে প্রবেশাধিকার দেওয়া হবে না;
- (গ) মূল ফটকসহ দুই ভবনের চারপাশে আনসার বাহিনী কর্তৃক সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে;
- (ঘ) নিরাপত্তাজনিত কারণে সিসি ক্যামেরা সার্বক্ষণিক সচল রাখতে হবে;
- (ঙ) মেয়াদ উত্তীর্ণ অগ্নিনির্বাপণ যন্ত্র রিফিলকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (চ) অফিস কক্ষ ত্যাগ ও প্রস্থানের সময় কক্ষের কম্পিউটার/এসি/ফ্যান/বাতির সুইচ বন্ধ করতে হবে;
- (ছ) কম্পিউটার/এসি/ফ্যান/বাতির লুজ কানেকশন ও নষ্ট বৈদ্যুতিক সুইচ তাৎক্ষণিকভাবে মেরামত করতে হবে;
- (জ) যে কোনো ধরনের বৈদ্যুতিক অপচয় রোধ করতে হবে;
- (ঝ) অধিদপ্তরের অভ্যন্তরে ও বহিরাঙ্গণে কোনো অবস্থাতেই অগ্নি প্রজ্জ্বলন করা যাবে না;
- (ঞ) অধিদপ্তরের আঙ্গিনা ও মূল চত্বরের মধ্যে ধূমপান করা সম্পূর্ণরূপে নিষেধ;
- (ট) উভয় ভবনের স্ট্যাকরকে প্রবেশাধিকার সংরক্ষিত করতে হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

০৬-০১-২০২৫

খন্দকার জহিরুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
২২২২১৮৩৪৬
dg@nanl.gov.bd

নম্বর: ৪৩.২৫.০০০০.০০৪.১৮.০০১.১৮.৪/১ (১৩)

তারিখ: ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (আরকাইভস), পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (লাইব্রেরি), পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

- ৩। প্রোগ্রামার ও ডিডিও, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪। চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। উপপরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (অধীন সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৭। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৯। জনাব মোঃ আব্দুল আলীম, লিফট অপারেটর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ১০। জনাব মোঃ আব্দুল করিম পাটওয়ারী, নিরাপত্তা প্রহরী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ১১। পিসি/এপিসি আনসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১২। জনাব মোঃ আবুল হোসেন, ইলেকট্রিশিয়ান, গণপূর্ত বিভাগ, ঢাকা।
- ১৩। জনাব মোঃ বরকতুল ইসলাম, পরিচ্ছন্নতাকর্মী (আউটসোর্সিং), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।



০৬-০১-২০২৫
মোঃ আবু দাউদ
উপপরিচালক (প্রশাসন)